মুজিবনগরে ধানের শীষে ভোট চেয়ে মাসুদ অরুনের গণসংযোগ

মুজিবনগর ধানের শীষের পক্ষে ভোট দিতে জনগনকে উৎসাহিত করতে গনসংযোগ করেছেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বৃহস্পতিবার বিকালে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে উপজেলার দারিয়াপুর গ্রামে এ গনসংযোগ করেন তিনি।

গণসংযোগ এর উদ্দেশ্যে মাসুদ তরুণ দারিয়াপুর ইউনিয়নের পৌঁছালে দারিয়াপুর ইউনিয়নবাসী ও বিএনপি’র নেতাকর্মীবৃন্দ তাকে বরণ করে নেন এ সময় মাসুদ আরুনকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে নারী পুরুষ শিশু সহ অসংখ্য লোকের ভিড় জমে যায়। এ সময় তারা হাততালি দিয়ে মাসুদ আরুনকে শুভেচ্ছা জানান।

র্যালীর মধ্যে দিয়ে রাস্তায় চলমান সাধারন জনগনের সাথে কুশল বিনিময় করেন মাসুদ অরুন।

এ সময় সাধারন জনগনকে ধানের শীষে ভোট দিতে আহব্বান জানান তিনি।

গনসংযোগ শেষে নেতাকর্মী ও জনগণের উদ্দেশ্যে মাসুদ অরুন বলেন, ৫ আগস্ট শেখ হাসিনার পতনের পর বাংলাদেশের জনগণের সরকার প্রতিষ্ঠার সংগ্রাম সেই গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার সংগ্রামে আমরা ছিলাম। গত এক বছর অন্তর্বর্তীকালীন সরকারের রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে আমাদের দল-বিএনপি সহ বাংলাদেশের সকল গণতান্ত্রিক শক্তি তাদেরকে সহযোগিতা করেছে। বিএনপি কথা দিয়েছে সরকারকে সহযোগিতা করতে হবে একটি গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের স্বার্থে। আগামী বছর ফেব্রুয়ারি প্রথম সপ্তাহে নির্বাচন অনুষ্ঠিত হবে। আমরা পরিষ্কারভাবে বলতে চাই এই নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের প্রতিষ্ঠিত দল বেগম খালেদা জিয়ার নেতৃত্বে যে দল এদেশের গণতন্ত্র এবং মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে অগ্রগামী ছিল।সেই দল আগামী দিন ধানের শীষে যাকে মনোনয়ন দিবে আমরা তাকে বিজয়ী করব ইনশাআল্লাহ।

তিনি আরো বলেন, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন এই মুহূর্তে প্রতিটা ভোটারের কাছে এবং বাড়িতে বাড়িতে

যেতে হবে আমাদের মা বোনদের কাছে। প্রচার-প্রচারণা মিছিল মিটিং গনসংযোগ সব কিছুর মধ্য দিয়ে জনগণের সেই আস্থা অর্জন করতে চাই যে বিএনপি রাষ্ট্র ক্ষমতায় গেলে তারেক রহমানের ঘোষিত বিএনপি ঘোষিত ৩১দফা কর্মসূচির মধ্য দিয়ে একটি নতুন বাংলাদেশ গঠন হবে।

নির্বাচন নিয়ে অনেক ষড়যন্ত্র হচ্ছে অনেক ষড়যন্ত্র হবে নির্বাচনকে বানচাল করার চেষ্টা চলবে আমরা পরিষ্কার বলছি ১৫ বছর হাসিনার বিরুদ্ধে লড়াই করেছি ১৫ বছর দুঃশাসনের বিরুদ্ধে সংগ্রাম করেছি অনেক রক্ত এবং জীবনের বিনিময়ে আজ এই অন্তর্বর্তীকালীন সরকার প্রতিষ্ঠা লাভ করেছে। এই সরকারের নির্ধারিত সময়ে যে নির্বাচন জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার যে সুযোগ এই সুযোগ যারা ছিনতাই করতে চায় আমরা তাদের বিরুদ্ধে জনমত তৈরি করব। আমরা রাজপথে আসি রাজপথে থাকবো।

গনসংযোগকালে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা স্বেচ্ছাসেবকদলের সহ সভাপতি আজিমদ্দীন গাজী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী সহ বিএনপি, যুবদল, শ্রমিক দল, স্বেচ্ছাসেবক দল, কৃষক দল ও ছাত্রদলের বিপুল সংখ্যাক নেতা কর্মী।

ধানের শীষে ভোট দিয়ে দেশ গড়ার সুযোগ দিন: তারেক রহমান

আসন্ন জাতীয় নির্বাচনে বিএনপিকে দেশ গড়ার সুযোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, আগামী নির্বাচনে ধানের শীষ প্রতীকে ভোট দিয়ে জনগণ বিএনপিকে সমর্থন জানালে নিরাপদ, সমৃদ্ধ ও সবার জন্য কর্মবান্ধব বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে। মঙ্গলবার আন্তর্জাতিক যুব দিবসের আলোচনা সভায় লন্ডন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন।

রাজধানীর আগারগাঁওয়ের চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে যুবদল,

সচেতন থাকতে হবে।

মির্জা ফখরুল আরও বলেন, আমাদের নেতা (তারেক রহমান) তার নিজস্ব সংগ্রাম দিয়ে নির্বাচনকে ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নিয়ে এসেছেন। আমাদের দায়িত্ব একটি সুষ্ঠু নিরপেক্ষ অবাধ নির্বাচন আয়োজনের। আমরা যাতে এ নির্বাচন সুষ্ঠুভাবে শেষ করতে পারি।

জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সভাপতি এসএস জিলানীর সভাপতিত্বে ও যুবদলের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম নয়ন ও ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির যৌথভাবে আলোচনা সভা সঞ্চালনা করেন। এতে বক্তব্য দেন গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি, এনডিএমের চেয়ারম্যান ববি হাজ্জাজ, বিএনপির প্রচার সম্পাদক সুলতান সালাউদ্দিন টুকু, ছাত্রবিষয়ক সম্পাদক রকিবুল ইসলাম বকুল, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের উপদেষ্টা মাহদী আমিন, সিনিয়র সাংবাদিক শরিফুল ইসলাম খান ও মুক্তাদির রশীদ রুমি, নাট্য নির্মাতা মাসরুর রশীদ বান্নাহ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তাফসির, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক রাজীব আহসান ও ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব প্রমুখ।

সূত্র: যুগান্তর।